

"

## কৃষি প্রযুক্তি ভাণ্ডার

### প্রযুক্তির বিবরণ

প্রযুক্তির নাম :টমেটো-মুগডাল-রোপা আমন শস্য বিন্যাসের ফলন বৃদ্ধিতে ভূমি কর্ষণ এবং জৈব ও অজৈব সার ব্যবহারের প্রভাব

বিস্তারিত বিবরণ :

**বৈশিষ্ট্য:** পাওয়ার টিলার দ্বারা মধ্যম গভীরতায় (১০-১২ সে.মি.) ভূমি কর্ষণ পূর্বক সমন্বিত উদ্ভিদ পুষ্টি উপাদান ব্যবস্থাপনা পদ্ধতিতে জৈব ও অজৈব সার ব্যবস্থাপনার মাধ্যমে চাষাবাদ করলে টমেটো-মুগডাল-রোপা আমন শস্য বিন্যাসের ফলন প্রচলিত পদ্ধতির তুলনায় (১৭-২৪%) বৃদ্ধি পায়। এছাড়া মাটির পানি ধারণ ক্ষমতা (২.৬-৩.৫%) উন্নত হয়। ধীরে ধীরে রন্ধ্র পরিসর, মাঠ ক্ষমতা বৃদ্ধি পেতে থাকে এবং মৃত্তিকার আয়তনী ঘনত্ব কমতে থাকে। অন্যদিকে মাটির উর্বরতা ক্রমান্বয়ে উন্নত হতে থাকে। এলাকাঃ বৃহত্তর যশোর (AEZ - 11)

**সুপারিশঃ**

**ক) জাত**

টমেটোঃ বারি টমেটো- ৯

মুগডালঃ বারি মুগ -৬

রোপা আমনঃ ব্রি ধান-৩২

**খ) কর্ষণ**

মধ্যম গভীরতার কর্ষণ (১০-১২ সে.মি.) গভীর

**গ) সার**

সারের মাত্রা (কেজি/ হেক্টর)

ফসল	ইউরিয়া	টিএসপি	এমওপি	জিপসাম	বোরিক এসিড	জিংক সালফেট মনোহাইড্রেট	গোবর
টমেটো	৫০০	৪০০	২০০	১২৫	১২	-	১০টন
মুগডাল	৪৬	৯০	৩৬	-	-	-	-

রোপা আমন	১৫২	১৫০	১২০	৩৭৫	-	১২	-
-------------	-----	-----	-----	-----	---	----	---

### সার প্রয়োগ পদ্ধতি:

**টমেটো :** অর্ধেক পরিমান গোবর এবং অন্যান্য সকল সার (ইউরিয়া ও পটাশ ব্যতীত) শেষ চাষের সময় প্রয়োগ করে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। বাকী অর্ধেক গোবর চারা রোপনের পূর্বে পীটে দিতে হবে। ইউরিয়া ও পটাশ সার সমান তিন ভাগ করে চারা রোপনের ২০, ৪০ ও ৬০ দিন পর পর গাছের গোড়ার চারদিক রিং পদ্ধতিতে প্রয়োগ করে হালকা সেচ প্রয়োগ করতে হবে।

**মুগডাল :** মুগডালের ক্ষেত্রে সকল পরিমান সার জমি প্রস্তুতের শেষ পর্যায়ে বীজ বপনের পূর্বে প্রয়োগ করতে হবে।

**রোপা আমন ধান :** ইউরিয়া ব্যতীত অন্যান্য সকল সার শেষ জমি প্রস্তুতের সময় প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার সমান তিন ভাগ করে প্রথম ভাগ চারা রোপনের -৫-৭ দিন পরে প্রয়োগ বিধেয়। দ্বিতীয় কিস্তি কুশি ছাড়ার সময় ও শেষ কিস্তি শীষ বের হবার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করলে সুফল পাওয়া যাবে।



[প্রয়োজনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞের সাথে কথা বলুন।](#)

[Back](#)